দৈনিক বাংলা

168

092

তারিখ ... ...5/7/82...
পৃষ্ঠা... .. ...7 কলাম 2 ...

# সমাজ কল্যাণে ভর্তির দরখাস্ত আহ্বান

ঢাকা বিশ্ববিদ্যালয়ে ১৯৮১-৮২ শিক্ষাবর্ষে সমাজকল্যাণ ও গবেষণা ইনস্টিটিউটে প্রথম পর্ব এমএসএস শ্রেণীতে ভর্তির দরখাস্ত আহ্বান করা হয়েছে। ইনস্টিটিউটের পরিচালকের দফতরে দরখাস্ত গ্রহণের শেষ তারিখ আগামী ১০ই জুলাই।

১৯৮০ ও ১৯৮১ সালের স্নাতক পরীক্ষায় উত্তীর্ণ ছাত্রছাত্রী যারা মাধ্যমিক থেকে স্নাতক পরীক্ষাসমূহের যে কোন দুটি পরীক্ষায় দ্বিতীয় বিভাগ পেয়েছেন এবং স্নাতক পর্যায়ে সমাজকল্যাণ, সমাজকর্ম বা সমাজ বিজ্ঞান বিষয়ে শতকরা ৪০ নম্বর পেয়েছেন তারাই ভর্তির জন্যে আবেদন করতে পারবেন।

## পরিসংখ্যান সার্টিফিকেট কোর্স

ঢাকা বিশ্ববিদ্যালয় পরিসংখ্যান গবেষণা ও শিক্ষণ ইনস্টিটিউটে পরিসংখ্যান সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্সে ভর্তির আবেদনপত্র গ্রহণের শেষ তারিখ আগামী ১০ই জুলাই পর্যন্ত বাড়ানো হয়েছে। খবর সংবাদ বিজ্ঞপ্তির।